

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 04-09-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

PM to visit Punjab :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, বন্ধা পরিস্থিতি পর্যালোচনা করতে পাঞ্জাব সফর করবেন। তিনি স্থানীয় পরিস্থিতি ব্যক্তিগতভাবে মূল্যায়ন করবেন এবং ক্ষতিগ্রস্তদের সর্বোচ্চ সহায়তা নিশ্চিত করার জন্য বাস্তব পরিস্থিতি বোঝার প্রয়াস নেবেন বলে আশা করা হচ্ছে। এর আগে, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানও পরিস্থিতি মূল্যায়ন করতে রাজ্য পরিদর্শন করেছেন। এছাড়া, বন্ধার ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি মূল্যায়নের জন্য দুটি কেন্দ্রীয় আন্তঃমন্ত্রক দল মোতায়েন করা হয়েছে।

CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষকদের জ্ঞান ও দক্ষতা ছাত্রছাত্রীদের জীবনকে প্রস্ফুটিত করে তোলে। গতকাল আগরতলার নজরুল কলাক্ষেত্রে অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘের তৃতীয় ত্রি-বার্ষিক রাজ্য সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন মুখ্যমন্ত্রী বলেন শিক্ষা দান যুগ যুগ ধরে মানবসমাজের অন্তর্মান শ্রেষ্ঠ দান হিসেবে বিবেচিত হয়ে আসছে। রাষ্ট্র নির্মাণে এর অবদান সর্দাই সর্বোচ্চ স্থানে অবস্থান করছে বলে তিনি জানান। মুখ্যমন্ত্রী বলেন বর্তমান সময়ে ছাত্রছাত্রীদের মধ্যে আরও গভীরভাবে স্বদেশপ্রেম জাগ্রত করা দরকার।

#####Byte CM#####

PM attended Sansad Karyashala:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে সাংসদ কার্যশালায় যোগ দিয়েছেন। এই কর্মশালায়, সারা দেশের প্রবীণ বিজেপি নেতা এবং সংসদ সদস্যরা বিভিন্ন বিষয়ে তাদের মূল্যবান অভিমত বিনিময় করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী জানিয়েছেন, সাংসদ কর্মশালার মতো মঞ্চ গুরুত্বপূর্ণ এর মাধ্যমে একে অপরের কাছ থেকে শেখার এবং কীভাবে আরও ভালভাবে জনগণের সেবা করা যায় তা নিয়ে আলোচনা করার জন্য দুর্দান্ত অবকাশ তৈরী হয়। প্রধানমন্ত্রী আজ এর সমাপ্তি অধিবেশনে যোগ দেবেন।

GST Reforms:

এবছর স্বাধীনতা দিবসে লাল কেল্লার প্রাকারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীপাবলির মধ্যে পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা দেন। আরও দক্ষ ও নাগরিকবান্ধব অর্থনীতি তৈরির প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গি বাস্তবায়িত হয় যখন তেসরা সেপ্টেম্বর জিএসটি কাউন্টিল সাধারণ মানুষের কথা ভেবে হার যুক্তিসংগতকরণ অনুমোদন প্রদান করে। সংস্কারকৃত হার এমাসের ২২ তারিখ থেকে কার্য্যকর হবে। এরমধ্যে চিকিৎসা সরঞ্জাম এবং সেগুলির জন্য গৃহীত সংস্কারগুলিও উল্লেখযোগ্য।

কাউন্টিল সমস্ত চিকিৎসা সরঞ্জাম এবং চিকিৎসা, অস্ত্রোপচার, দাঁতের এবং পশ্চিকিৎসার প্রয়োজনের জন্য ব্যবহৃত যন্ত্রপাতির উপর পূর্বেকার ১৮ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করের হার ঘোষণা করেছে। অতিরিক্তভাবে, ব্যান্ডেজ, ডায়াগনস্টিক কিট, প্লুকোমিটার এবং অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামের উপর করের হার ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। ৩৩টি জীবন রক্ষাকারী ওষুধের উপর জিএসটি ১২ শতাংশ থেকে কমিয়ে শূন্য করা হয়েছে এবং ক্যান্থার, বিরল রোগ এবং গুরুতর দীর্ঘস্থায়ী অবস্থার চিকিৎসায়

ব্যবহৃত ৩টি গুরুত্বপূর্ণ ওষুধের উপর জিএসটি ৫ শতাংশ থেকে কমিয়ে শূন্য করা হয়েছে। চিকিৎসা সরঞ্জামের উপর জিএসটি হ্রাস স্বাস্থ্যসেবার খরচ কমাবে এবং এর ফলে রোগীদের, বিশেষ করে দরিদ্রদের উপকার হবে।

SDPO meeting :

শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে আগরতলার ক্লাবগুলিকে নিয়ে বৈঠক করলেন সদরের এসডিপিও দেবপ্রসাদ রায়। গতকাল পূর্ব আগরতলা থানায় এই বৈঠকে ট্রাফিক ইউনিটের অফিসার, দমকল বিভাগ, পুর নিগম, বিদ্যুৎ দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৈঠকে এসডিপিও শ্রী রায় জানান, ক্লাবগুলিকে পূজার আয়োজন করার ক্ষেত্রে প্রশাসনের নিয়মগুলি জানিয়ে দেওয়া হয়েছে। দুর্গোৎসবে চাঁদার জুলুমের অভিযোগ এলেই পুলিশ মামলা নেবে। এমনকি পুজো মন্ডপ পর্যন্ত বাজেয়াপ্ত করতে পারে বলে জানিয়েছেন এসডিপিও। তিনি জানান, এখনও পর্যন্ত দুর্গোৎসবকে কেন্দ্র করে কোনও অভিযোগ নেই।

Felicitation:

মাতাবাড়ি বিধানসভা এলাকার অবসর প্রাপ্ত ও কর্মরত চার শতাধিক শিক্ষক শিক্ষিকাকে গতকাল সম্বর্ধনা প্রদান করা হয়।

৬৪ তম জাতীয় শিক্ষক দিবসের অঙ্গ হিসেবে মাতাবাড়ি বিধানসভা এলাকার বিধায়ক অভিষেক দেব রায়ের উদ্যোগে আয়োজিত এই সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন ডক্টর শঙ্করাচার্য মহারাজ। উল্লেখ্য, ৬৪ তম শিক্ষক দিবস উদয়াপনের অঙ্গ হিসেবে ত্রিপুরা রাজ্য কর্মচারী সংঘ উদয়পুর মহকুমা কমিটির উদ্যোগে জাতীয় পুরস্কার প্রাপ্ত শিক্ষিকা বিদিশা মজুমদার, রাজ্য স্তরে পুরস্কার প্রাপ্ত ও অবসরপ্রাপ্ত ২১ জন শিক্ষক-শিক্ষিকাকে সংবর্ধনা প্রদান করা হয়।

Asia cup Hockey Champion:

বিহারের রাজগীরে অনুষ্ঠিত পুরুষদের এশিয়া কাপ হকি চ্যাম্পিয়নশিপে ভারত চতুর্থবারের মতো জয়লাভ করেছে। গতকাল ফাইনালে ভারত কোরিয়াকে ৪-১ গোলে হারিয়েছে। ভারতের হয়ে দিলপ্রীত সিং দুটি গোল করেছেন, সুখজিৎ সিং এবং অমিত রোহিদাস একটি করে গোল করেছেন। কোরিয়ার হয়ে ডেইন সন একটি গোল করেছেন। চলতি এশিয়া কাপ হকি চ্যাম্পিয়নশিপে অপরাজিত দল হিসেবে ভারত শিরোপা দখল করেছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ দু'এক পশলা বৃষ্টিপাতের স্মার্তাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস ও দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে ৩৫ ডিগ্রির কাছাকাছি। ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপ যোগ্য বৃষ্টিপাত শৃঙ্খল দশমিক ২ মিলিমিটার।
